# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 14.08.2024 Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে সিবিআই আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও নৃশংস হত্যার তদন্তের কাজ শুরু করেছে।

কলকাতায় এসেছেন আইএমএ-র কর্তাব্যক্তিরা।

২) মুখ্যমন্ত্রী দাবি করেছেন, কলকাতা পুলিশ দক্ষতার সঙ্গেই তদন্ত শুরু করেছিল। সিপিএম বিজেপি একজোট হয়ে সামাজিক মাধ্যমে মিথ্যা প্রচার চালাচ্ছে।

৩) আর জি করের ঘটনায় মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে আজ বিধায়সভায় বিক্ষোভ দেখায় বিজেপি পরিষদীয় দল।

৪) প্রতিবাদী মেয়েদের আজ মধ্যরাতের কর্মসূচীকে ঘিরে রাজনৈতিক চাপানোতর তুঙ্গে।

৫) ৭৮ তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, বাবাসাহেব আম্বেদকারের দেখানো পথেই ভারত রাজনৈতিক গণতন্ত্রকে সামাজিক গণতন্ত্রে রূপান্তরিত করার অঙ্গীকার নিয়ে এগোচ্ছে।

৬) আর জি করের ঘটনা নিয়ে দেশ জুড়ে প্রতিবাদ বিক্ষোভের প্রেক্ষাপটে আজ রাজ্যে পালিত হচ্ছে কন্যাশ্রী দিবস।

---

কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে সিবিআই আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও নৃশংস হত্যার তদন্তে কাজ শুরু করেছে। একাধিক দলে ভাগ হয়ে

এই কাজ করছেন তাঁরা। কেন্দ্রীয় সংস্থার তদন্তকারীদের সঙ্গে ফরেন্সিক ও মেডিকেল টিম আজ হাসপাতালের সেমিনার রুমের অকুস্থল ঘুরে দেখে। চলে নমুনা সংগ্রহের কাজ। সঙ্গে ছিল টালা থানার পুলিশ।

৯ ই আগস্টের ঐ বিভৎস ঘটনায় ধৃত একমাত্র অভিযুক্ত সঞ্জয় রায়ের স্বাস্থ্য পরীক্ষা করাতে গিয়ে রীতিমত হিমসিম খেতে হয় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে। সকালে এসএসকেএম হাসপাতালে একপ্রস্থ স্বাস্থ্য পরীক্ষার পর সঞ্জয়কে তুলে দেওয়া হয় সিবিআইয়ের হাতে। এরপর জোকা ইএসআই হাসপাতালে নিয়ে যাওয়া হলেও চিকিৎসকদের বিক্ষোভে প্রিজন ভ্যান ঘুরিয়ে সঞ্জয়কে কম্যান্ড হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু পদ্ধতিগত কারণে সেখানেও তার স্বাস্থ্য পরীক্ষা হয়নি। শেষ পর্যন্ত বি আর সিং হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষার পর সঞ্জয়কে নিয়ে যাওয়া হয় সল্টলেকের সিজিও কমপ্লেক্সে।

ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন - আই এম এ ডাক্তারদের সুরক্ষায় সর্বভারতীয় আইন প্রণয়নের দাবি জানিয়েছে। সংগঠনের সর্বভারতীয় নেতারা আজ সোদপুরে নির্যাতিতা চিকিৎসকের পরিবারের সঙ্গে দেখা করেন। পরে কলকাতায়  এক সাংবাদিক বৈঠকে আইএমএ-র সর্বভারতীয় সভাপতি আর.ভি অশোকান বলেন, বিমানবন্দরের কর্মীদের উপর হামলা রোখার জন্যও কেন্দ্রীয় আইন রয়েছে। অথচ ডাক্তারদের জন্য তেমন কোন আইন নেই। আর জি করের ঘটনা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে যদি হাসপাতালে কর্তব্যরত চিকিৎসককে খুন হতে হয় তাহলে সারা দেশের কোথাওই চিকিৎসকরা সুরক্ষিত নন।

বাইট অশোকান

সংগঠনের রাজ্য সম্পাদক শান্তনু সেন, আর জি করের ঘটনার পূর্ণাঙ্গ ও যথাযথ তদন্তের দাবি জানিয়েছেন। তিনি বলেন, সি বি আই পূর্ববর্তী তদন্ত নিয়ে এ রাজ্যের মানুষের কিছুটা হতাশা রয়েছে। তবে এক্ষেত্রে তারা দ্রুততার সঙ্গে অপরাধের কিনারা

করবে বলে তাঁর আশা। ডাক্তার সেন বলেন, আরজি করের ঘটনা নিয়ে মানুষের ক্ষোভ এবং জুনিয়র ডাক্তারদের আন্দোলন খুবই সঙ্গত। কিন্তু এই আন্দোলনের যাতে রাজনীতি করণ না হয় এবং মুমূর্ষু রোগীরা যাতে কোনভাবেই চিকিৎসা পরিষেবা থেকে বঞ্চিত না হন, সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলের কাছে আবেদন জানিয়েছেন তিনি।

--------------------------------

কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা সিবিআই কে আগামী রবিবারের মধ্যে আর জি কর হাসপাতাল ও মেডিক্যাল কলেজে কর্তব্যরত মহিলা চিকিৎসককে ধর্ষন করে খুনের ঘটনায় তদন্ত প্রক্রিয়া শেষ করে দোষীদের ফাঁসির আবেদন জানানোর জন্য রাজ্য সরকার দাবি জানিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ দক্ষিন কলকাতার বেহালার ম্যান্টনে প্রাক স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে অংশ নিয়ে এই মামলায় কলকাতা পুলিশের প্রশংসা করে বলেন তারা দক্ষতার সঙ্গে এই ঘটনার তদন্ত প্রক্রিয়া শুরু করেছিল। বিরোধীরা কোন সমবেদনা না জানিয়ে একটি মৃত্যুকে নিয়ে রাজনীতি করছে।

--------------------------------

আরজিকরের ঘটনায় মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বিজেপি পরিষদীয় দলের সদস্যরা আজ বিধানসভায় বিক্ষোভ দেখায়। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, এই ঘটনার জন্য দায়ী রাজ্য সরকার।

বাইট

এদিকে বিজেপির মহিলা মোর্চা ও যুব মোর্চা যৌথভাবে কলেজ স্কোয়ার থেকে প্রতিবাদ মিছিল করে। সাংসদ অভিজিৎ গাঙ্গুলী মিছিলে অংশ নেন। তিনি বলেন, মহিলাদের এই আন্দোলন অত্যন্ত ইতিবাচক। মুখ্যমন্ত্রী পদত্যাগ না করা পর্যন্ত এই আন্দোলন চালিয়ে যাওয়া উচিত।

--------------------------------

আর জি করের ঘটনা নিয়ে অধীর রঞ্জন চৌধুরীর নেতৃত্বে প্রদেশ কংগ্রেসের এক প্রতিনিধি দল আজ রাজ্যপাল সি ভি আনন্দ বোসের সঙ্গে সাক্ষাত করে। তরুণী চিকিৎসকের খুনের ঘটনায় সবাই শিউরে উঠেছে বলে জানান তাঁরা। ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিও জানানো হয়।

এক ভিডিও বার্তায় রাজ্যপাল বলেছেন, রাজ্য সরকারকেই এই ঘটনার দায় নিতে হবে।

বাইট

---------------------------------

আর জি করের ঘটনা নিয়ে তোলপাড় শুরু হওয়ার ৬ দিনের মাথায় এক্স হ্যান্ডেলে তীব্র প্রতিক্রিয়া জানালেন লোকসভায় বিরোধী দলনেতা রাহুল গান্ধী। তিনি লিখেছেন, ধর্ষণ ও খুনের এই বিভৎস ঘটনায় গোটা দেশ স্তব্ধ। চিকিৎসক মহল এবং মহিলারা নিরাপত্তাহীনতায় ভুগছেন। অথচ নির্যাতিতাকে ন্যায় বিচার দেওয়ার বদলে অভিযুক্তদের বাঁচানোর চেষ্টায়, হাসপাতাল এবং স্থানীয় প্রশাসনের বিরুদ্ধে গুরুতর প্রশ্ন উঠেছে। এই ঘটনা সবাইকে ভাবতে বাধ্য করেছে যে, মেডিকেল কলেজে যদি চিকিৎসকরা সুরক্ষিত না থাকেন, অভিভাবকরা তাহলে কিসের ভরসায় মেয়েকে পড়াশুনার জন্য বাইরে পাঠাবেন। নির্ভয়াকান্ডের পর তৈরি কঠোর আইনও এই ধরনের অপরাধ ঠেকাতে পারছেনা কেন, সেই প্রশ্নও তুলেছেন রাহুল।

---------------------------------

আর জি কর কান্ডের প্রতিবাদে আজও কলকাতায় পথে নামেন বিশিষ্ট জনেরা। কলেজস্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত মিছিলে পা মেলান পবিত্র সরকার সহ বহু প্রবীণ নাগরিক। কলেজ বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের সঙ্গে এতে হাজির ছিলেন বিমান বসু, মহম্মদ সেলিম, সূর্যকান্ত মিশ্র, সুজন চক্রবর্তী, রবীন দেব, বিকাশরঞ্জন ভট্টাচার্যের মত সিপিআইএম নেতৃবৃন্দ।

এদিকে, কর্তব্যরত অবস্থায় চিকিৎসকের ধর্ষণ ও খুনের প্রতিবাদে এবং নিরাপত্তার দাবিতে আজ মধ্যরাতের দখল নিতে চলেছেন মেয়েরা। অরাজনৈতিক এই কর্মসূচীকে ঘিরে রাজনৈতিক চাপানোতর তুঙ্গে। আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন।

ভয়েয়কাস্ট

তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, একটি বিচ্ছিন্ন, খারাপ ও কুৎসিত ঘটনাকে কেন্দ্র করে বিপ্লবী সেজে সারা দেশের কাছে বাংলার সুনাম নষ্ট করতে চাইছে কয়েকজন। কিন্তু তারা ভুলে যাচ্ছেন বিভিন্ন পেশার অসংখ্য নারী রাতের ডিউটি করে থাকেন।

---------------------------------

ভারতীয় সংবিধানের অন্যতম রূপকার ডক্টর বি আর আম্বেদকর, রাজনৈতিক গণতন্ত্রকে সামাজিক গণতন্ত্রে রূপান্তরিত করার ওপর জোর দিয়ে বলেছিলেন, সামাজিক গণতন্ত্রের ভিত্তি না থাকলে রাজনৈতিক গণতন্ত্র স্থায়ী হতে পারেনা। ৭৮ তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে জাতির উদ্দেশে ভাষণে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বাবসাহেব আম্বেদকরের এই উদ্ধৃতি দিয়ে বলেন, ভারতের রাজনৈতিক গণতন্ত্রের নিরবচ্ছিন্ন অগ্রগতি, সামাজিক গণতন্ত্রকে সুসংহত করার পথে চলাকেই প্রমাণ করে।

---------------------------------

আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ এবং নৃশংস হত্যার ঘটনা নিয়ে দেশ জুড়ে প্রতিবাদ বিক্ষোভের প্রেক্ষাপটে আজ রাজ্যে কন্যাশ্রী দিবস পালন করা হচ্ছে। মূল অনুষ্ঠানটি হয় দক্ষিণ কলকাতার ধনধান্য অডিটোরিয়ামে। সভাপতিত্ব করেন নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ মন্ত্রী শশী পাঁজা। তিনি বলেন, এই প্রকল্পে রাজ্যের ৮৭ লক্ষের বেশি কন্যা আর্থ সামাজিক উত্তোরনের সাক্ষী হয়েছে।

অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, সমাজকে সমৃদ্ধ করার দায়িত্ব নিচ্ছে কন্যাশ্রীরা।

শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানান, নারী ক্ষমতায়ন ও তাদের আর্থিক স্বয়ম্ভরতা অর্জনে কন্যাশ্রী প্রকল্প সারা দেশের সামনে উদাহরণ হয়ে উঠেছে।

বনমন্ত্রী বীরবাহা হাঁসদা, ইউনিসেফের প্রতিনিধি অর্জুন দেওয়ান প্রমুখ উপস্থিত ছিলেন।

---------------------------------

এ এফ সি চ্যাম্পিয়ন্স লিগ টু যোগ্যতা অর্জন পর্বের ম্যাচে আজ যুব ভারতী ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল, তুর্কমেনিস্তানের অলটিন আসির মুখোমুখি হয়েছে। বিরতি পর্যন্ত অলটিন ২-১ এ এগিয়ে আছে।

--------------------------------- ---------------------------------